

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নম্বরঃ ৪৯৫২

৬৫/ কুরআন মাজীদের তাফসীর (كتاب التفسير)

পরিচ্ছেদঃ ৬৫/৯৫/১. পরিচ্ছেদ নাই।

باب

আরবী

حَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ أَخْبَرَنِي عَدِيُّ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ فِي سَفَرٍ فَقَرَأَ فِي الْعِشَاءِ فِي إِحْدَى الرِّكَعَتَيْنِ بِالتَّيْنِ وَالزَّيْتُونِ تَقْوِيمَ الْخَلْقِ.

বাংলা

(94) سُورَةُ أَلَمْ نَشْرَحْ لَكَ

সূরাহ (৯৪) : আলাম নাশরাহ্ লাকা (আল-ইনশিরাহ্)

وَقَالَ مُجَاهِدٌ (وَزَرَكَ) فِي الْجَاهِلِيَّةِ (أَنْقَضَ) أَثْقَلَ مَعَ الْعُسْرِ يُسْرًا قَالَ ابْنُ عُيَيْنَةَ أَيُّ (مَعَ الْعُسْرِ يُسْرًا) آخِرَ كَقَوْلِهِ (هَلْ تَرَبَّصُونَ بِنَا إِلَّا إِحْدَى الْحُسَيْنَيْنِ) وَلَنْ يَغْلِبَ عُسْرُ يُسْرَيْنِ وَقَالَ مُجَاهِدٌ (فَأَنْصَبَ) فِي حَاجَتِكَ إِلَى رَبِّكَ وَيُذَكِّرُ عَنْ ابْنِ عَبَّاسٍ (أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ) شَرَحَ اللَّهُ صَدْرَهُ لِلْإِسْلَامِ.

মুজাহিদ (রহ.) বলেন, وَزَرَكَ জাহিলী যুগের বোঝা। أَنْقَضَ মানে অতিশয় কষ্টদায়ক। مَعَ الْعُسْرِ يُسْرًا এর ব্যাখ্যায় ইবনু উয়াইয়াহ (রহ.) বলেন, এ কঠিন অবস্থার পরই আরেকটি সহজ অবস্থা আছে। যেমন আল্লাহ্ তা'আলা বলেছেন, هَلْ تَرَبَّصُونَ بِنَا إِلَّا إِحْدَى الْحُسَيْنَيْنِ তোমরা আমাদের দু'টি কল্যাণের একটির অপেক্ষা করছ। একটি কঠিন অবস্থা দু'টি সহজ অবস্থাকে কখনো পরাভূত করতে পারবে না। মুজাহিদ (রহ.) বলেন, فَأَنْصَبَ অর্থ-প্রয়োজন পূরণের জন্য তুমি তোমার রবের কাছে কাকুতি-মিনতি করে প্রার্থনা কর। আবদুল্লাহ্ ইবনু আব্বাস (রাঃ) (أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ) এর ব্যাখ্যায় বর্ণিত আছে যে, আল্লাহ্ রাব্বুল আলামীন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বক্ষকে ইসলামের জন্য প্রশস্ত করে দিয়েছেন।

(95) سُورَةُ وَالتَّيْنِ

সূরাহ (৯৫) : ওয়াত-তীন

وَقَالَ مُجَاهِدٌ هُوَ (التَّيْنُ وَالزَّيْتُونُ) الَّذِي يَأْكُلُ النَّاسُ يُقَالُ (فَمَا يُكْذِبُكَ) فَمَا الَّذِي يُكْذِبُكَ بِأَنَّ النَّاسَ يُدَانُونَ بِأَعْمَالِهِمْ كَأَنَّهُ قَالَ وَمَنْ يَقْدِرُ عَلَى تَكْذِيبِكَ بِالثَّوَابِ وَالْعِقَابِ.

মুজাহিদ (রহ.) বলেন, আয়াতের মধ্যে التَّيْنُ وَالزَّيْتُونُ বলে ঐ তীন ও যায়তুনকে বোঝানো হয়েছে, যা মানুষ খেয়ে থাকে। فَمَا يُكْذِبُكَ মানুষকে তাদের 'আমলের প্রতিদান দেয়া হবে এ ব্যাপারে কোন জিনিস তোমাকে অবিশ্বাসী করে। অর্থাৎ শাস্তি কিংবা পুরস্কার দানের ব্যাপারে তোমাকে মিথ্যা সাব্যস্ত করার ক্ষমতা রাখে কে?

৪৯৫২. বারাতা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম সফরে থাকাকালীন 'ইশার সালাতের দুই রাকআতের কোন এক রাকআতে 'সূরাহ তীন' পাঠ করেছেন। [৭৬৭] (আধুনিক প্রকাশনীঃ ৪৫৮৪, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৫৮৯)

English

Narrated Al-Bara:

While the Prophet (ﷺ) was on a journey, he recited Surat at-Tini waz-Zaituni (95) in one of the first two rak`at of the `Isha prayer.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ বারাতা ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=29466>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন